The Bangladesh Monitor - A Premier Travel Publication

The Bangladesh Monitor
A Premier Travel Publication

# ঢাকায় আন্তর্জাতিক পর্যটন মেলা শুরু হচ্ছে কাল

- A Monitor Desk Report Date: 29 October, 2025




**ঢাকা: আগামীকাল বৃহস্পতিবার (৩০ অক্টোবর) থেকে শুরু হচ্ছে আন্তর্জাতিক পর্যটন মেলা বাংলাদেশ ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম ফেয়ার (বিটিটিএফ)।**

বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শুরু হওয়া তিন দিনব্যাপী এই মেলার আয়োজন করছে ট্যুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (টোয়াব)।

মেলার টাইটেল স্পন্সর হিসেবে থাকছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।

মঙ্গলবার (২৮ অক্টোবর) রাজধানীর এক হোটেল আয়োজিত এক প্রেস মিট অনুষ্ঠানে এসব তথ্য জানানো হয়।

টোয়াবের সভাপতি মো. রাফেউজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে মেলার প্রেক্ষাপট ও সার্বিক প্রস্তুতি তুলে ধরেন টোয়াবের পরিচালক (বাণিজ্য ও মেলা) মো. তাসলিম আমিন শোভন।

এবারের মেলায় পাকিস্তান, নেপাল এবং ভুটানের জাতীয় পর্যটন সংস্থা ও ট্যুরিজম অ্যাসোসিয়েশন ছাড়াও নেপাল, মালদ্বীপ, সিঙ্গাপুর, ভিয়েতনাম, সংযুক্ত আরব আমিরাত, চীন, শ্রীলংকা ও তুরস্কের ট্যুর অপারেটর ও ট্রাভেল এজেন্টরা অংশগ্রহণ করছে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, ২০০৭ সাল থেকে শুরু হওয়া বিটিটিএফ বাংলাদেশের সবচেয়ে বড় পর্যটন মেলা। এ আয়োজন শুধু ব্যবসায়ী নয়, সাধারণ মানুষকেও ভ্রমণপ্রবণ ও পর্যটন-বান্ধব করে তুলছে।

-B